

ইংরেজিতে বেশি ফেল, যশোর বোর্ডে ফল বিপর্যয়



যশোর শিক্ষা বোর্ড

সমকাল প্রতিবেদক ও যশোর অফিস

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:৩২



এইচএসসি পরীক্ষার ফলে এবার দেশের ১১টি শিক্ষা বোর্ডের মধ্যে পাসের হারে সবচেয়ে পিছিয়ে যশোর। এ বোর্ডে পাস করেছেন মাত্র ৬৯ দশমিক ৮৮ শতাংশ পরীক্ষার্থী। অথচ গত বছর এ বোর্ডে পাসের হার ছিল ৮৩ দশমিক ৯৫ শতাংশ।

২০২২ সালের চেয়ে এবার যশোর বোর্ডে পাসের হার কমেছে ১৪ দশমিক ০৭ শতাংশ। ফলাফলে খারাপ করার কারণও জানিয়েছেন বোর্ডটির চেয়ারম্যান অধ্যাপক আহসান হাবিব।

তিনি জানান, এবার তাঁর বোর্ডের ইংরেজি বিষয়ের প্রশ্নপত্র কিছুটা কঠিন হয়েছিল। ইংরেজিতে শিক্ষার্থীরা বেশি ফেল করায় পাসের হার কমেছে। একই সঙ্গে ইংরেজিতে খারাপ করায় অনেক শিক্ষার্থী জিপিএ ৫ পাননি।

রোববার দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত সংবাদ সম্মেলনে ফলাফলের বিস্তারিত তুলে ধরেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

এ সময় সাংবাদিকরা যশোর বোর্ডে ফল বিপর্যয়ের কারণ জানতে চান। মন্ত্রী তখন বোর্ড চেয়ারম্যানকে কারণ জানাতে বলেন।

সংবাদ সম্মেলনে থাকা যশোর বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আহসান হাবিব তখন ইংরেজির প্রশ্নপত্র কঠিন হওয়াকে ফল বিপর্যয়ের কারণ বলে জানান। তিনি জানান, তাঁর বোর্ডে গতবারের চেয়ে ৩৭ শতাংশ শিক্ষার্থী ইংরেজিতে কম পাস করেছেন।